

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৪৭

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আল-মাইদা

بَابُّ: وَمِنْ سُورَةِ الْمَائِدَةِ

## আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا شَرِيكٌ، عَنْ عَلِيّ بْنِ مَسْعُود، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه بَنِيمَة، عَنْ أَبِي عُبَيْدَة، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُود، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لَمَّا وَقَعَتْ بَنُو إِسْرَائِيلَ فِي الْمَعَاصِي نَهَتْهُمْ عُلَمَاؤُهُمْ فَلَمْ يَنْتَهُوا فَجَالَسُوهُمْ فِي مَجَالِسِهِمْ وَوَاكُلُوهُمْ وَشَارَبُوهُمْ فَضَرَبَ اللَّهُ قُلُوبَ بَعْضِهِمْ بِبَعْضٍ وَلَعَنَهُمْ عَلَى لِسَانِ مَجَالِسِهِمْ وَوَاكُلُوهُمْ وَشَارَبُوهُمْ فَضَرَبَ اللَّهُ قُلُوبَ بَعْضِهِمْ بِبَعْضٍ وَلَعَنَهُمْ عَلَى لِسَانِ مَلَى لَا إِنْ مَرْيُمَ ذَلِكَ بِمَا عَصَوْا وَكَانُوا يَعْتَدُونَ " . قَالَ فَجَلَسَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَكَانَ مُتَّكِئًا فَقَالَ " لاَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ حَتَّى تَأْطِرُوهُمْ عَلَى الْحَقِّ أَطْرًا الله عليه وسلم وَكَانَ مُتَكِئًا فَقَالَ " لاَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ حَتَّى تَأْطِرُوهُمْ عَلَى الْحَقِّ أَطْرًا الله عليه وسلم وَكَانَ مُتَكِئًا فَقَالَ " لاَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ حَتَّى تَأْطِرُوهُمْ عَلَى الْحَقِ أَطْرًا الله عَليه وسلم وَكَانَ مُتَكِئًا فَقَالَ " لاَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ حَتَّى تَأُطِرُوهُمْ عَلَى الْحَقِ أَطْرًا اللّهِ عَنِ النَّهِ عَنْ عَبْدِ اللّهِ عَنِ النَّبِيِّ صَلَى مُشَلِم بْنِ أَبِي الْوَضَاحِ عَنْ عَلِيّ بْنِ بَنِهُمْ يَقُولُ عَنْ أَبِي عُبَيْدَةً عَنْ النَّبِيِّ صَلَى الله عليه وسلم نَحْوَهُ وَبَعْضُهُمْ يَقُولُ عَنْ أَبِي عُبَيْدَةً عَنِ النَّبِيِّ صَلَى الله عليه وسلم نَحْوَهُ وَبَعْضُهُمْ يَقُولُ عَنْ أَبِي عُبَيْدَةً عَنِ النَّبِيِّ صَلَى الله عليه وسلم مَحْوَهُ وَبَعْضُهُمْ يَقُولُ عَنْ أَبِي عُبَيْدَةً عَنِ النَّبِيِ صَلَى الله عليه وسلم مُرْسَلٌ .

## বাংলা

৩০৪৭. আবদুল্লাহ্ ইবন আবদুর রহমান (রহঃ) ...... আবদুল্লাহ্ ইবন মাসউদ রাদিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বানূ ইসরাঈলীরা যখন আল্লাহর নাফরমানীতে লিপ্ত হয় তখন তাদের আলিমগণ তাদের নিষেধ করেছিলেন। কিন্তু তারা নিষেধ শোনে নি। এতদসত্ত্বেও তাঁরা তাদের সাথে তাদের মজলিসে উঠা বসা করেছে, তাদের সাথে (একত্রে) পানাহার করেছে। অনন্তর আল্লাহ্ তা'আলা তাদের কতকের (পাপীদের) সাথে একাকার করে দিলেন এবং দাউদ ও ঈসা ইবন মাইয়াম (আঃ) এর ভাষায় তারা লা'নতগ্রস্ত হল। কেননা, তারা নাফরমানী এবং সীমালংঘন করত।



রাবী বলেনঃ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম হেলান দিয়ে বসে ছিলেন, তিনি তখন সোজা হয়ে বসলেন এবং বললেনঃ কসম সেই সত্তার যাঁর হাতে আমার প্রাণ, তোমরা রক্ষা পাবে না যতক্ষণ পর্যন্ত না তাদের কঠোরভাবে বাধা না দিয়েছ।

যঈফ, ইবনু মাজাহ ৪০০৬, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৪৭ [আল মাদানী প্রকাশনী]

আবদুল্লাহ ইবন আবদুর রহমান (রহঃ) বলেনঃ ইয়াযীদ বলেছেন যে, সুফইয়ান ছাওরী (রহঃ) সনদে আবদুল্লাহ্ রাদিয়াল্লাহু আনহু-এর উল্লেখ করেননি। হাদীসটি হাসান-গারীব। এই হাদীসটি মুহাম্মাদ ইবন মুসলিম ইবন আবুল ওয়াযযাহ ... আলী ইবন বাযীমা-আবূ উবায়দা-আবদুল্লাহ্ ইবন মাসঊদ রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণিত আছে। কোন কোন রাবী এটিকে আবূ উবায়দা ... নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে মুরসাল রূপে বর্ণনা করেছেন।

## **English**

Narrated 'Abdullah bin Mas'ud:

"The Messenger of Allah (ﷺ) said: 'When the Children of Isra'il fell into disobedience, their scholars forbade them from it. But they did not stop, so they sat with them in their gatherings, and participated in eating and drinking with them. So Allah pitted their hearts against each other, and cursed them upon the tongue of Dawud and 'Eisa bin Mariam. That was because they disobeyed and were ever transgressing.'" He said: "The Messenger of Allah (ﷺ) sat up after he had been reclining, and he said: 'No, by the One in Whose Hand is my soul! Not until you incline them to the truth.'" 'Abdullah bin 'Abdur-Rahman said: "Yazid said: 'Sufyan Ath-Thawri would not say in it: "From 'Abdullah."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন